সিলেট মহানগর ছাত্রলীগের প্রচার সম্পাদক আবুল হোসেনের বাসায় হামলা-ভাংচুর

চেম্বার ডেস্ক: সিলেট মহানগর ছাত্রলীগের প্রচার সম্পাদক আবুল হোসেনের বাসায় হামলা ও ভাঙচুরের ঘটনা ঘটেছে।

বুধবার (২১ আগস্ট) সকালে ছাত্রলীগের নেতা-কর্মীরা নগরীতে মিছিল দেয়৷ সন্ধ্যা পর ছাত্রলীগ নেতা আবুল হোসেনের পাঠানটুলাস্থ জান্নাতুল ভিলা নামক বাসায় হামলা-ভাঙচুরের ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা যায়, নগরীর ধোপাদীঘিরপাড় এলাকায় মিছিল ও লিফলেট বিতরণ করে ছাত্রলীগ কর্মীরা। ১৫/২০ জনের একটি দল সিলেট মহানগর ছাত্রলীগের ব্যানারে মিছিল বের করে। ব্যানারে আওয়ামী লীগের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক শফিউল আলম চৌধুরী নাদেলের ছবি ছিল এবং তার নামে স্লোগান দিতেও শোনা যায়। মিছিলের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হলে সমালোচনার ঝড় ওঠে। এ ঘটনায় পুলিশ ২ জনকে আটক করেছে।

বুধবার বিকেলে নগরীতে ছাত্রদল নেতা-কর্মীরা মোটরসাইকেল দিয়ে ছাত্রলীগের মিছিল করার প্রতিবাদ মিছিল করে এবং ছাত্রলীগকে নিষিদ্ধের দাবি জানায়। পরে সন্ধ্যায় ছাত্রদল নেতা-কর্মীরা ছাত্রলীগের এ নেতার বাসা-বাড়িতে হামলা ও ভাঙচুর চালানোর অভিযোগ ওঠে।

আবুল হোসেনের পবিবার সূত্রে জানা যায়, সন্ধ্যার পর একদল সংঘবদ্ধ লোক মিছিল নিয়ে তাদের বাসায় যায় এবং সেখানে মব সন্ত্রাস করে তাদের বাসায় হামলা চালানো হয়। এ সময় বাসার বিভিন্ন জিনিস পত্র ভাংচুর করা হয় এবং পরিবারের লোকজনের উপর শারিরীকভাবে আঘাত করা হয়। হামলার ঘটনায় বেশ ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানিয়েছেন পার্শবর্তী লোকজন।

এ ব্যাপারে সিলেট মহানগর পুলিশ কমিশনার মো. রেজাউল করিম বলেন, বুধবার (২১ আগস্ট) নগরীর ধোপাদীঘিরপাড় এলাকায় মিছিল ও লিফলেট

বিতরণ করে ছাত্রলীগ কর্মীরা। এই মিছিলের ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশ করে একপ্রকার উস্কানি দেওয়া হয়। এর পরবর্তী সময়ে হামলা ভাঙচুরের ঘটনা ঘটে। এসব ঘটনায় আইনি প্রক্রিয়া চলমান।